



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা ১০০০

(তদন্ত বিভাগ)

(www.badc.gov.bd)



মুজিববর্ষে বিএডিসি  
কৃষির সেবায় দিবানিশি

২০ জানুয়ারি ২০২১ খ্রিঃ

০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং ১২.০৬.০০০০.২১৬.৩২.০০২.২০- ১৬৪

তারিখঃ

জনাব আকলিমা আক্তার তম্বী

পিতা- মো: ফারুক ফকির

মাতা-নাছরিন সুলতানা

রিসার্চ ইনিসিয়েটিভস বাংলাদেশ (রিইব)

হাউজ-০৭, রোড-১৭, ব্লাক-সি,


বনানী, ঢাকা-১২১৩।

বিষয় : তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক তথ্য সরবরাহ প্রসংগে।

সূত্রঃ গত ০৬ জানুয়ারি, ২০২১ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি গত ০৬ জানুয়ারি ২০২১ তারিখে তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর বরাবর ই-মেইলে আবেদন করে জানতে চেয়েছেন যে, ১) জুন ২০১৯ থেকে জুলাই ২০২০ পর্যন্ত আপনাদের অফিস তথ্য অধিকার আইনের আওতায় কতগুলো আবেদন পেয়েছে তা জানতে চাই। প্রাপ্ত আবেদনের মধ্যে কতগুলোর সম্পূর্ণ উত্তর প্রদান করা হয়েছে তা জানতে চাই এবং উত্তরসমূহের কপি পেতে চাই। ২) জুন ২০১৯ থেকে জুলাই ২০২০ পর্যন্ত আপনাদের অফিস তথ্য অধিকার আইনের আওতায় প্রাপ্ত আবেদনের মধ্যে কতগুলো আবেদন ধারা ৭ অনুযায়ী নাকচ করা হয়েছে তা জানতে চাই। ধারা ৭ এর অধীনে কোন উপধারার আওতায় উক্ত আবেদনগুলো নাকচ করা হয়েছে তা জানতে চাই। আবেদন নাকচের কারণ হিসেবে কী কী ব্যাখ্যা দেয়া হয়েছে তা জানতে চাই। ৩) আপনাদের অফিসে কোন সাল থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে তা জানতে চাই। আপনাদের অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য আপনাদের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয়? যদি হয় তা কত দিন অন্তর করা হয় জানতে চাই। তৎপ্রেক্ষিতে আপনা কর্তৃক যাচিত তথ্যাদি প্রতিবেদন আকারে প্রস্তুত করা হয়েছে।

০২. সরকারি বিধি (সংযুক্তি-১) মোতাবেক সরকারের নির্ধারিত কোড নম্বরে তথ্যের মূল্য বাবদ প্রতি পৃষ্ঠা ২(দুই) টাকা হারে (১৮ পৃষ্ঠা) জমা প্রদানপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে আপনা কর্তৃক যাচিত উক্ত তথ্যাদি সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।



(মেরিনা সারমিন)

পরিচিতি নং ০১০০০৭

মহাব্যবস্থাপক (তদন্ত)

বিএডিসি, ঢাকা

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সদর দপ্তর তথ্য প্রদান ইউনিট

ফোন: ৯৫৫২৭৭৪।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২। কো-অর্ডিনেটর (আইসিটি সেল), বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৪। অফিস কপি।